# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোন নং- 9557800, 9560873, 9564628.
web: www.bsbl.org.bd, email: bdbsbl_@yahoo.com

স্মারক নং: ৪৭.৬৮.০০০০.০১৩.২২.৭১২.১৪/ তারিখঃ /১০/২০১৯ খ্রি:।

বিষয়ঃ- <u>সংশোধিত কৃষি ঋণ নীতিমালা (স্বল্প মেয়াদী ও মধ্যম মেয়াদী) প্রেরণ;</u>

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাঠপর্যায়ে সমবায়ী কৃষকদের মধ্যে ঋণ বিতরণে গতিশীলতা আনায়নের লক্ষ্যে বিগত ২৪-০৭-২০১৯ তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ৪২ তম বার্ষিক সাধারন সভায় বিদ্যমান কৃষি ঋণ নীতিমালা সংশোধনের সুপারিশ করা হয়।
উক্ত সুপারিশ অনুযায়ী গত ২৩.০৯.২০১৯ তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা কমিটির ৫৩ তম সভায় স্বল্প-মেয়াদী কৃষ ঋণ নীতিমালার ১নং, ৩নং, ৬নং ও ৭নং শর্ত এবং মধ্যম মেয়াদী ঋণ নীতিমালার ৩নং, ৬নং ও ৮নং শর্ত সংশোধন/সংযোজন করা হয়।

এমতাবস্থায়, সংশোধিত ঋণ নীতিমালা অনুযায়ী বকেয়া ঋণ পরিশোধ করে নতুন ঋণ গ্রহণের নিমিত্ত ঋণের আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ- <u>উপরের বর্ণনামতে</u>।

(মো: মোমিনুল হক তালুকদার)
মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা

ম্যানেজার/নির্বাহী কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা
..............................., কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ,
..............................., সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ,
..............................., উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ/কেন্দ্রীয় আখচাষী সমবায় সমিতি লি:

স্মারক নং-ঋণ-৭১২/ তারিখঃ /১০/২০১৯ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

১। সভাপতি, ..............................কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/ সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ, ............................।
২। জেলা সমবায় অফিসার,.........................................।
৩। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় দপ্তর, .............................. বিভাগ, ...................................।
৪। নিবন্ধক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। জনাব,..........................................সভাপতি/ সহ-সভাপতি/ সদস্য, ব্যবস্থাপনা কমিটি, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক
(কৃষি ঋণ প্রদান ও আদায়)

D:\Nitimala\nitimala preron letter.doc

# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোন নং-৯৫৫৭৮০০, ৯৫৬০৮৭৩, ৯৫৬৪৬২৮, ফ্যাক্সঃ ৯৫৫৮১১৭
web: www.bsbl.org.bd, email: bdbsbl_@yahoo.com

## বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর স্বল্প মেয়াদী কৃষি ঋণ নীতিমালাঃ

### বর্তমান নীতিমালা

#### ১ নং শর্তঃ ঋণ প্রাপ্য প্রতিষ্ঠানসমূহ-

যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর অনুমোদিত উপবিধিতে স্বল্প মেয়াদী (ফসলী) ঋণ কার্যক্রম পরিচালনার বিধানসহ সংস্থাপন ব্যয় যথা-অফিস ভাড়া, প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীর বেতন-ভাতা এবং বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে নির্বাহী কর্মকর্তা / ম্যানেজার নিয়োগ করা হইলে তাহার ভ্রমণ ভাতা ও অন্যান্য রাজস্ব ব্যয় নির্বাহ করার নিজস্ব আর্থিক সংগতি আছে তাহাদের সহিত সমঝোতা দলিল সম্পাদনপূর্বক স্বল্প মেয়াদী(ফসলী) ঋণ প্রদান করা হইবে।

#### ৩ নং শর্তঃ ঋণ গ্রহণ, বিতরণ ও পরিশোধের সময়সীমা-

| ঋণের প্রকার স্বল্প মেয়াদী (ফসলী) ঋণ | বিএসবিএল থেকে ঋণ গ্রহণের সময়-সীমা | কৃষক পর্যায়ে ঋণ বিতরণের সময়-সীমা | ঋণ পরিশোধের সময়-সীমা |
|---|---|---|---|
| (ক) রোপা. আমন ঋণ | ১ আগষ্ট হইতে ১৫ অক্টোবর | ৩১ অক্টোবরের মধ্যে | ৩১ জুলাই পর্যন্ত |
| (খ) গম/ রবিশস্য/ভূট্টা/ শীতকালীন শাক-সবজি | ১ সেপ্টেম্বর হইতে ১৫ নভেম্বর পর্যন্ত | ৩০ নভেম্বরের মধ্যে | ৩১ আগষ্ট পর্যন্ত |
| (গ) ইরি/ বোরো ঋণ | ১ নভেম্বর হইতে ১৫ জানুয়ারী | ৩১ জানুয়ারী মধ্যে | ৩১ অক্টোবর পর্যন্ত |
| (ঘ) আউশ, বোনা আমন, পাট ও গ্রীষ্ম-কালীন শাক-সবজি | ১ ফেব্রুয়ারী হইতে ১৫ এপ্রিল পর্যন্ত | ৩০ এপ্রিলের মধ্যে | ৩১ জানুয়ারী পর্যন্ত |

#### ৬নংশর্তঃ সমবায় ব্যাংক/সমিতির ঋণ প্রাপ্তির যোগ্যতা

(ক) যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি এর নিকট বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর পাওনা বাংলাদেশ ব্যাংক ঋণের ৫০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত প্রাপ্য আসল টাকার সাথে প্রদেয় ভর্তুকির টাকা সমন্বয়ের পরও আসল টাকা পাওনা থাকিলে এবং উক্ত প্রাপ্য আসল টাকা ১০০% পরিশোধ করিলে ঋণ প্রাপ্তির যোগ্য হইবে।

(খ) যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি উপরের ৬(ক) নং শর্তসহ ইতঃপূর্বে অত্র ব্যাংকের নিজস্ব তহবিল হইতে গৃহীত স্বল্প/ মধ্যম/ দীর্ঘ মেয়াদী ঋণ গ্রহণ করিয়াছে সেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ সমিতি/ এলডিবি খেলাপী ঋণের আসল, মুনাফা ও দন্ডমুনাফা ১০০% পরিশোধ করিবে তাহাদের অনুকূলে এই ঋণ মঞ্জুর করা হইবে।

### সংশোধিত নীতিমালা

#### ১ নং শর্তঃ ঋণ প্রাপ্য প্রতিষ্ঠানসমূহ-

যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/ <u>কেন্দ্রীয় আখচাষী সমবায় সমিতি লিঃ/</u> উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/ প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর অনুমোদিত উপবিধিতে স্বল্প মেয়াদী(ফসলী) ঋণ কার্যক্রম পরিচালনার বিধানসহ সংস্থাপন ব্যয় যথা-অফিস ভাড়া, প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীর বেতন-ভাতা এবং বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে নির্বাহী কর্মকর্তা / ম্যানেজার নিয়োগ করা হইলে তাহার ভ্রমণ ভাতা ও অন্যান্য রাজস্ব ব্যয় নির্বাহ করার নিজস্ব আর্থিক সংগতি আছে তাহাদের সহিত সমঝোতা দলিল সম্পাদনপূর্বক স্বল্প মেয়াদী(ফসলী) ঋণ প্রদান করা হইবে।

#### ৩ নং শর্তঃ ঋণ গ্রহণ, বিতরণ ও পরিশোধের সময়সীমা-

| ঋণের প্রকার স্বল্প মেয়াদী (ফসলী) ঋণ | বিএসবিএল থেকে ঋণ গ্রহণের সময়-সীমা | কৃষক পর্যায়ে ঋণ বিতরণের সময়-সীমা | ঋণ পরিশোধের সময়-সীমা |
|---|---|---|---|
| (ক) রোপা আমন ঋণ | ১ জুলাই হইতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত | ১৫ অক্টোবরের মধ্যে | ৩১ জুলাই পর্যন্ত |
| (খ) গম/ রবিশস্য/ ভূট্টা/ শীতকালীন শাক-সবজি | ১ সেপ্টেম্বর হইতে ৩০ নভেম্বর পর্যন্ত | ১৫ ডিসেম্বর মধ্যে | ৩০ সেপ্টেম্বর পর্যন্ত |
| (গ) ইরি/ বোরো ঋণ | ১৫ অক্টোবর হইতে ২৮ ফেব্রুয়ারী পর্যন্ত | ১৫ মার্চের মধ্যে | ৩১ ডিসেম্বর পর্যন্ত |
| (ঘ) আউশ, বোনা আমন, পাট ও গ্রীষ্মকালীন শাক-সবজি | ১ ফেব্রুয়ারী হইতে ৩০ এপ্রিল পর্যন্ত | ১৫ মে'র মধ্যে | ২৮ ফেব্রুয়ারী পর্যন্ত |

#### ৬নংশর্তঃ সমবায় ব্যাংক/সমিতির ঋণ প্রাপ্তির যোগ্যতা-

(ক) <u>যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ কেন্দ্রীয় আখচাষী সমবায় সমিতি লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/ প্রাথমিক সমবায় সমিতি লিঃ ও সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক এর নিকট বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর পাওনা বাংলাদেশ ব্যাংক ঋণের ৫০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত প্রাপ্য আসল টাকার সাথে প্রদেয় ভর্তুকির টাকা সমন্বয়ের পরও আসল টাকা পাওনা থাকিলে এবং উক্ত প্রাপ্য আসল টাকা ৫০% পরিশোধ করিলে ঋণ প্রাপ্তির যোগ্য হইবে। ঋণ গ্রহণকারী অধিকাংশ সদস্য মৃত্যুবরণ করায় ব্যবস্থাপনা কমিটি পুনঃতফসীল ঋণ পরিশোধের এই হার হ্রাস/বৃদ্ধি করতে পারবে।</u>

(খ) যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি উপরের ৬(ক) নং শর্তসহ ইতঃপূর্বে অত্র ব্যাংকের নিজস্ব তহবিল হইতে গৃহীত স্বল্প/ মধ্যম/ দীর্ঘ মেয়াদী ঋণ গ্রহণ করিয়াছে সেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ সমিতি/ এলডিবি খেলাপী ঋণের আসল, মুনাফা ও দন্ডমুনাফা <u>কমপক্ষে ৭৫%</u> পরিশোধ করিবে তাহাদের অনুকূলে এই ঋণ মঞ্জুর করা হইবে।

# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোন নং-৯৫৫৭৮০০, ৯৫৬০৮৭৩, ৯৫৬৪৬২৮, ফ্যাক্সঃ ৯৫৫৮১১৭
web: www.bsbl.org.bd, email: bdbsbl_@yahoo.com

## বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর মধ্যম মেয়াদী কৃষি ঋণ নীতিমালাঃ

| বর্তমান নীতিমালা | সংশোধিত নীতিমালা |
|---|---|
| **৩ নং শর্তঃ ঋণ গ্রহণের সময়সীমা**<br>কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/ সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ প্রতি বৎসর ১লা জুলাই হইতে ৩০শে সেপ্টেম্বর, পর্যন্ত বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে এই ঋণ গ্রহণ করিতে পারিবে। ঋণ গ্রহণের ১ (এক) মাস পূর্বে ঋণের আবেদন দাখিল করিতে হইবে। | **৩ নং শর্তঃ মুনাফার হার**<br>কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/কেন্দ্রীয় ইক্ষুচাষী সমবায় সমিতি/ ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ প্রতি বৎসর ১লা জুলাই হইতে ৩১ শে ডিসেম্বর, পর্যন্ত বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে এই ঋণ গ্রহণ করিতে পারিবে। ঋণ গ্রহণের ১(এক) মাস পূর্বে ঋণের আবেদন দাখিল করিতে হইবে। |
| **৬নং শর্তঃ কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি/ প্রাথমিক সমিতির ঋণ প্রাপ্তির যোগ্যতা**<br>(ক) যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/ প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নিকট বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ (বিএসবিএল) বাংলাদেশ ব্যাংক ঋণের (৫০০০/- টাকা পর্যন্ত) প্রাপ্য আসল টাকার সাথে প্রদেয় ভর্তুকির টাকা সমন্বয়ের পরও আসল টাকা পাওনা থাকিলে এবং উক্ত প্রাপ্য আসল টাকা ১০০% পরিশোধ করিলে সেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/ইউসিসিএ লিঃ/ সমিতি/এলডিবি এই ঋণ প্রাপ্তির যোগ্য হইবে।<br><br>(খ) যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি ইতঃপূর্বে অত্র ব্যাংকের নিজস্ব তহবিল হইতে গৃহীত স্বল্প/ মধ্যম/ দীর্ঘ মেয়াদী ঋণ গ্রহণ করিয়াছে সেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি খেলাপী ঋণের আসল, মুনাফা ও দন্ডমুনাফা ১০০% পরিশোধ করিবে কেবলমাত্র সেই সকল ব্যাংক/সমিতি/এলডিবি ঋণ প্রাপ্তির যোগ্য হইবে। | **৬নং শর্তঃ কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ সমিতি/ এলডিবি/ প্রাথমিক সমিতির ঋণ প্রাপ্তির যোগ্যতা**<br>(ক) যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ কেন্দ্রীয় আখচাষী সমবায় সমিতি লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/ প্রাথমিক সমবায় সমিতি লিঃ ও সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক এর নিকট বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর পাওনা বাংলাদেশ ব্যাংক ঋণের ৫০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত প্রাপ্য আসল টাকার সাথে প্রদেয় ভর্তুকির টাকা সমন্বয়ের পরও আসল টাকা পাওনা থাকিলে এবং উক্ত প্রাপ্য আসল টাকা ৫০% পরিশোধ করিলে ঋণ প্রাপ্তির যোগ্য হইবে। ঋণ গ্রহণকারী অধিকাংশ সদস্য মৃত্যুবরণ করায় ব্যবস্থাপনা কমিটি পুনঃতফসীল ঋণ পরিশোধের এই হার হ্রাস/বৃদ্ধি করতে পারবে।<br><br>(খ) যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/সমবায় সমিতিলিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ ইতঃপূর্বে অত্র ব্যাংকের নিজস্ব তহবিল হইতে গৃহীত স্বল্প/ মধ্যম/ দীর্ঘ মেয়াদী ঋণ গ্রহণ করিয়াছে সেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি খেলাপী ঋণের আসল, মুনাফা ও দন্ডমুনাফা কমপক্ষে ৭৫% পরিশোধ করিবে কেবলমাত্র সেই সকল ব্যাংক/সমিতি/এলডিবি ঋণ প্রাপ্তির যোগ্য হইবে। |
| **৮নং শর্তঃ ঋণের জামানত**<br>(ক) এই ঋণের জামানত হিসাবে প্রত্যেক ঋণ গ্রহীতা কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ ইউসিসিএ/ ইউসিএমপিএস যথারীতি তাহাদের স্ব-স্ব ভূমি (স্থাবর সম্পত্তি) ও ইমারত (যদি থাকে) বাংলাদেশ সমবায় ব্যাংকের অনুকূলে বন্ধক রাখিবে (যদি পূর্বে বন্ধক দেওয়া না থাকে)। অধিকন্তু, ঋণ গ্রহীতা চাষী সদস্যগণের বন্ধকী সম্পত্তি ৩০০/- (তিনশত) টাকা মূল্যের "নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প" পেপারে বাংলাদেশ সমবায় ব্যাংকের অনুকূলে পুনঃবন্ধক রাখিতে হইবে। ঋণ বিতরণ সম্পন্ন হওয়ার পরবর্তী ৬০ দিনের মধ্যে এই পুনঃবন্ধক কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।<br><br>(খ) কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কর্তৃক প্রাথমিক সমবায় সমিতির সদস্যের অনুকূলে ঋণ বিতরন করিবার প্রাক্কালে ঋণের জামানত হিসাবে ঋণ গ্রহিতার ভূ-সম্পত্তি রেজিষ্টার্ড মর্টগেজ আকারে বন্ধক গ্রহণ করিতে হইবে। ঋণের পরিমাণ বন্ধকী জমির মূল্যের শতকরা ৭৫(পঁচাত্তর) ভাগের অধিক হইবে না। সংশ্লিষ্ট সাব রেজিষ্ট্রি অফিসে উল্লিখিত মৌজার মূল্য দৃষ্টে বাজারমূল্য নির্ধারিত হইবে। বন্ধকের ব্যাপারে (১)প্রস্তাবিত জমির মালিকানা দলিল ও খতিয়ানসমূহ, (২) সর্বশেষ খাজনার রশিদ এবং (৩) যৌথ মালিকানার ক্ষেত্রে অন্যান্য মালিকদের পক্ষ হইতে অনাপত্তি পত্র (যাহা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ মেম্বার/ কাউন্সিলর) গ্রহণ করিতে হইবে। (৪) বন্ধককৃত জমির নির্দায় সনদ (Non-encumbrance) গ্রহন করতে হবে।<br><br>(গ) অতিরিক্ত জামানত হিসাবে খাতক সদস্যের নিকট আত্মীয় কিংবা এলাকার প্রভাবশালী ব্যক্তির নিকট হইতে কোর্টে দাখিলযোগ্য কার্টিজ পেপারে ব্যক্তি জামানত গ্রহণ করিতে হইবে এবং ঋণ গ্রহীতা সদস্যের নিকট হইতে কোর্টে দাখিলযোগ্য কার্টিজ পেপারে হলফনামা গ্রহণ করিতে হইবে। | **৮নং শর্তঃ ঋণের জামানত**<br>(ক) পরিবর্তন নেই।<br><br>(খ) পরিবর্তন নেই।<br><br>(গ) পরিবর্তন নেই।<br><br>(ঘ) 'সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর ঋণ গ্রহীতা সদস্যগন তাদের ভূমি, সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর অনুকূলে রেজিষ্ট্রার্ড বন্ধক রাখার প্রাক্কালে দলিলে উল্লেখ থাকবে যে, বন্ধকী দলিল বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর অনুকূলে পুনঃবন্ধক রাখিলে বন্ধক দাতার কোন আপত্তি থাকবে না। আরও উল্লেখ থাকবে যে, ঋণ গ্রহীতা ঋণ নীতামালা অনুযায়ী যথাসময়ে গৃহীত ঋণের টাকা পরিশোধে ব্যর্থ হলে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ উক্ত পুনঃবন্ধকী দলিলে বর্ণিত সম্পত্তি বিক্রয় করে পাওনা ঋণের টাকা আদায় করলে রেজিষ্টার্ড বন্ধক দলিল দাতার কোন আপত্তি থাকবে না। |